

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
ভূমি মন্ত্রণালয়  
বাজেট ও অডিট শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
www.minland.gov.bd

স্মারক নং-৩১.০০.০০০০.০৩৮.০১.০১১.২০১৭.২১

তারিখ : ০৩/১০/২০১৭ খ্রি:

বিষয় : সহকারী কমিশনার (ভূমি), সীতাকুন্ড, চট্টগ্রাম কার্যালয়ের ২০১৫-২০১৬ সনের নিরীক্ষায় পরিলক্ষিত ০১ টি গুরুতর আর্থিক অনিয়ম সম্পর্কিত অগ্রিম অনুচ্ছেদ।

সূত্র : স্মারক নং-২১৬১/রাজস্ব-২/অঃঅনু/২০১৫-১৬/৯০, তারিখ:০৯/১১/২০১৬খ্রিঃ স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তর, ঢাকা।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তর সহকারী কমিশনার (ভূমি), সীতাকুন্ড, চট্টগ্রাম কার্যালয়ের ২০১৫-২০১৬ সনের নিরীক্ষায় নিম্নবর্ণিত ০১ টি আপত্তি উত্থাপন করেছেন :

ক্রমিক নং	অনুচ্ছেদ নং ও সন	আপত্তির শিরোনাম
১	অনুচ্ছেদ-০১ সন-২০১৫-২০১৬খ্রিঃ	শিল্প হারের পরিবর্তে নাল এবং আবাসিক হারে ভূমি উন্নয়ন কর আদায় করায় ৪,৫১,৩০৪/- টাকা রাজস্ব ক্ষতি।

এমতাবস্থায়, উপরোক্ত অডিট আপত্তি দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে সংশ্লিষ্ট অগ্রিম অনুচ্ছেদটির ছায়ালিপি প্রেরণপূর্বক আপত্তিকৃত সমুদয় টাকা আদায়করতঃ সরকারী কোষাগারে জমার স্বপক্ষে সত্যায়িত ট্রেজারী চালান (সি,টি,আর) এবং নিষ্পত্তিমূলক ব্রডশীট জবাব বিভাগীয় কমিশনার মহোদয়ের মস্তব্যসহ আগামী ১৫ (পনের) কার্যদিবসের মধ্যে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি:০৩ (তিন) পাতা।

জেলা প্রশাসক  
চট্টগ্রাম।

স্বা/-  
(মোছাঃ সৈলিনা সুলতানা)  
সহকারী সচিব  
ফোন : ৯৫৪০০৫০

স্মারক নং-৩১.০০.০০০০.০৩৮.০১.০০৮.২০১৭.২১/১(৮)

তারিখ : ০৩/১০/২০১৭ খ্রি:

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের নিমিত্ত প্রেরণ করা হলো :

- ০১। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
- ০২। মহাপরিচালক, স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
- ০৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য।
- ০৪। প্রোগ্রামার, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। পত্রটি ভূমি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ।
- ০৫। সহকারী কমিশনার (ভূমি) উপজেলা ভূমি অফিস সীতাকুন্ড, চট্টগ্রাম।
- ০৬। অতিরিক্ত সচিব (বাজেট) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৭। অফিস কপি।
- ০৮। মাস্টার কপি।

স্বা/-  
(মোছাঃ সৈলিনা সুলতানা)  
সহকারী সচিব  
ফোন : ৯৫৪০০৫০(অঃ)